গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
ডকেট নং- 24 NOV 2021

স্মারক নং ৪৬.০০.০০০০.০৩৮.০১৬.০০১.২০২০-২৫৪ তারিখ : ১৯ কার্তিক ১৪২৮ / ০৪ নভেম্বর ২০২১

বিষয় : অক্টোবর ২০২১ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভার কার্যবিবরণী।

সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ-এর সভাপতিত্বে গত ২১ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত অক্টোবর ২০২১ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৪ (চার) পাতা।

০৪/১১/২০২১
পিন্টু বেপারী
সিনিয়র সহকারি সচিব
ফোন : ০২-৯৫৪৫৪১৫
ই-মেইল: councillgd@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
(দৃ: আ: উপসচিব, মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ);
২। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক, স্থানীয় সরকার বিভাগ;
৩। বিভাগীয় কমিশনার (সকল), .................. বিভাগ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

## অক্টোবর ২০২১ মাসে বিভাগীয় কমিশনার সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব হেলালুদ্দীন আহমদ<br>সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ |
| তারিখ | : | ২১ অক্টোবর ২০২১ বৃহস্পতিবার |
| সময় | : | বেলা ১১:৪৫ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, স্থানীয় সরকার বিভাগ। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট - ক |

সভাপতি সভায় উপস্থিত বিভাগীয় কমিশনার এবং স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার পরিপ্রেক্ষিতে গত ১৮ অক্টোবর ২০২০ তারিখ স্থানীয় সরকার বিভাগের সাথে বিভাগীয় কমিশনারগণের সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অন্যান্য সিদ্ধান্তসহ **'সরকারের উন্নয়ন কার্যক্রমে স্থানীয় সরকার বিভাগের পরিধি বিবেচনায় প্রতি তিন মাসে একবার স্থানীয় সরকার বিভাগের সাথে বিভাগীয় কমিশনারগণের সমন্বয় সভা আয়োজন করা যেতে পারে** মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। কাজেই এ সভাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্থানীয় সরকার বিভাগ বর্তমানে বিভিন্ন ক্ষেত্রে সংস্কার কার্যক্রম হাতে নিয়েছে। বিশেষ করে বিদ্যমান আইনসমূহ সংশোধন করা হচ্ছে যাতে করে স্থানীয় সরকার প্রতিষ্ঠানে বিনা নির্বাচনে কেউ নির্দিষ্ট মেয়াদের অতিরিক্ত সময় দয়িত্বে না থাকতে পারেন।

২। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ সভার কার্যপত্র উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

**২.১ গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :**

সভায় উপস্থাপিত গত ১৮ অক্টোবর ২০২০ তারিখের স্থানীয় সরকার বিভাগের সাথে বিভাগীয় কমিশনার সমন্বয় সভার কার্যবিবরণীর ওপর কারও কোনো মন্তব্য রয়েছে কি না জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

**২.২ আলোচনা :**

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| (১) | **ইউনিয়ন পরিষদ :**<br>ক) ইউনিয়ন পরিষদকে শক্তিশালী স্থানীয় সরকার প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে এলজিইডি কর্তৃক গৃহীত প্রকল্পের আওতায় ইতোমধ্যে ইউনিয়ন পরিষদের ৩ হাজার ৪১৬টি নতুন কমপ্লেক্স ভবন নির্মাণ সম্পন্ন হয়েছে। পর্যায়ক্রমে সকল | ক) কমপক্ষে ২০ শতক নিষ্কন্টক জায়গা ইউনিয়ন পরিষদের নামে অবশ্যই রেজিস্ট্রি দলিল এমনকি খাস জমির ক্ষেত্রে লীজ অনুমোদন ব্যতিত ইউনিয়ন পরিষদের কমপ্লেক্স ভবন নির্মাণ করা যাবে না। | ইউনিয়ন পরিষদ অধিশাখা |



সিনিয়র সচিবের দপ্তর
তারিখ
সময়
অনুস্বাক্ষর
স্থানীয় সরকার বিভাগ

| | | | |
|---|---|---|---|
| | ইউনিয়ন পরিষদের কমপ্লেক্স ভবন নির্মাণের পরিকল্পনা রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক পূর্বের ৫০ শতকের পরিবর্তে বর্তমানে ২০ শতক নিষ্কণ্টক জায়গায় ইউনিয়ন পরিষদের কমপ্লেক্স ভবন নির্মাণ করা হচ্ছে। ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ করার ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের নামে অবশ্যই রেজিস্ট্রি দলিল এমনকি খাস জমির ক্ষেত্রে লীজ অনুমোদন থাকতে হবে। | | |
| | খ) দেশের বিভিন্ন প্রান্তে গ্রাম আদালত ইউনিয়ন পরিষদ কার্যালয়ে বসছে না এবং কোন কোন ক্ষেত্রে গ্রাম আদালতের নির্ধারিত নিয়ম কানুন ও অনুসরণ করা হচ্ছে না। | খ) ইউনিয়ন পরিষদকে শক্তিশালী স্থানীয় সরকার প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে গ্রাম আদালত আইন-২০০৬ এ প্রয়োজনীয় সংশোধন এবং Activating Village Court (Phase-২) এর পরিধি বৃদ্ধি করতে হবে। | আইন অধিশাখা এবং ইউনিয়ন পরিষদ অধিশাখা |
| | গ) বিভাগীয় কমিশনার, সিলেট জানান যে, স্থানীয় সরকার নির্বাচনে প্রার্থীর দ্বৈত নাগরিকত্ব থাকলেও প্রার্থী হতে পারে। ফলে, নির্বাচিত জনপ্রতিনিধি অনায়াসে দেশে ও বিদেশে অবস্থান করছেন। প্রশাসনিক জরুরি প্রয়োজনে তাদের পাওয়া যায় না। | (গ) এ বিষয়ে নির্বাচন কমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা যেতে পারে। | ইউনিয়ন পরিষদ অধিশাখা |
| | ঘ) আইনি জটিলতা/অস্পষ্টতার কারণে দেশের হাট-বাজারসমূহ উন্নয়ন ও ব্যবস্থাপনায় নানাবিধ সমস্যা হচ্ছে। সরকারি হাট-বাজারের মালিকানা ভূমি মন্ত্রণালয়ের হলেও অন্য মন্ত্রণালয় হাট-বাজারের উন্নয়ন ও ব্যবস্থাপনার সাথে জড়িত। বর্তমানে এলজিইডি কর্তৃক গৃহীত প্রকল্পের আওতায় দেশের হাট-বাজারসমূহের উন্নয়ন কার্যক্রম চলমান। প্রকল্প দলিলে আবশ্যকতা/শর্ত না থাকায় স্কিম নির্বাচন ও বাস্তবায়নে সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সম্মতি গ্রহণ করা হচ্ছে না। এমনকি বাজার উন্নয়ন কাজ বাস্তবায়নের পর উহা পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য কাউকে বুঝিয়ে দেয়া হচ্ছে না। ফলে সে সকল হাট-বাজারের ইজারা প্রদান ও রাজস্ব আদায়ে জটিলতা দেখা দিচ্ছে। এছাড়া, বর্তমানে হাট-বাজার সমূহে তোহা বাজারের জন্য নির্ধারিত ৩০% জায়গা নেই। ফলে হাট-বাজারের জায়গা বাড়ানো দরকার। | (ঘ) জেলা প্রশাসকের অনুমতি নিয়ে হাট-বাজারসমূহের উন্নয়ন কার্যক্রম শুরু করতে হবে এবং বাজার উন্নয়ন কাজ বাস্তবায়নের পর স্থানীয় কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করতে হবে। | প্রধান প্রকৌশলী (এলজিইডি) |
| (২) | **উপজেলা পরিষদ :**<br>বাংলাদেশ উপজেলা পরিষদ এসোসিয়েশনের পক্ষ হতে মাননীয় হাইকোর্ট বিভাগে প্রায় একই বিষয়ে রিট-পিটিশন নং ৯৫৯৩/২০২০, ৯৮৮৬/২০২০ এবং ৫৫১০/২০২১ মামলা দায়ের করা হয়েছে।<br>রিট-পিটিশন নং ৯৫৯৩/২০২০ এর আদেশ নিম্নরূপ-<br>(১) স্থানীয় সরকার বিভাগের উপজেলা -২ শাখা হতে গত ১৭ জুন ২০১০ তারিখে জারিকৃত এস. আর. ও নং- স্থাসবি/উপ-২/সি-৪/২০০৯/১৪২২ এবং উপজেলা -১ শাখা হতে গত ১৯ সেপ্টেম্বর ২০১০ তারিখের সংশোধিত এস. আর. ও নং-৩২৩-আইন/২০১০ বাস্তবায়নের জন্য ৩ (তিন) মাসের মধ্যে সার্কুলার জারিকরণ;<br>(২) আদেশ অমান্যকারীগণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ;<br>রিট-পিটিশন নং ৫৫১০/২০২১ এর আদেশ নিম্নরূপ-<br>(১) উপজেলা পরিষদ চেয়ারম্যানগণকে নির্বাচিত প্রশাসনিক | মহামান্য আদালত প্রদত্ত রায় অনুসারে প্রযোজ্য ক্ষেত্রে আদেশ বাস্তবায়ন এবং আপিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা অধিশাখা |



সিনিয়র সচিবের দপ্তর
তারিখ
সময়
অনুস্বাক্ষর
স্থানীয় সরকার বিভাগ

| | | | |
|---|---|---|---|
| | ইউনিট প্রধান হিসেবে উপজেলা নির্বাহী অফিসারগণের সমান অথবা অধিকতর বেশি নিরাপত্তা সুবিধা প্রদান;<br>(২) সকল ক্ষেত্রে উপজেলা পরিষদ নামে সাইনবোর্ড লাগানো, উপজেলা পরিষদের ও উপজেলা নির্বাহী অফিসারদের পুরাতন গাড়ি কনডেমনেশন বিষয়ে ব্যবস্থা গ্রহণ। | | |
| (৩) | **জেলা পরিষদ :**<br>জেলা পরিষদের কাজে অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য (ক) জেলা পরিষদের মালিকানাধীন যে সকল খেয়াঘাট অব্যবহৃত রয়েছে তা বিলুপ্ত করা আবশ্যক; (খ) বিভাগীয় কমিশনারের সভাপতিত্বে জেলা পরিষদের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা সমন্বয়ে ত্রৈমাসিক সভা আহবান এবং (গ) যে সমস্ত জেলা পরিষদের সম্পত্তি অন্য কারো নামে রেকর্ডভুক্ত রয়েছে তা সংশোধনপূর্বক জেলা পরিষদের নামে রেকর্ডভুক্ত করা প্রয়োজন। | (ক) জেলা পরিষদের মালিকানাধীন যে সকল খেয়াঘাট অব্যবহৃত রয়েছে তা বিলুপ্ত ঘোষণার জন্য প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>(খ) বিভাগীয় কমিশনারের সভাপতিত্বে জেলা পরিষদের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আহবান করতে হবে এবং<br>(গ) যে সকল জেলা পরিষদের জায়গা অন্য কারো নামে আছে তা সংশোধন করে জেলা পরিষদের নামে রেকর্ডভুক্ত করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল)<br>প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল<br>জেলা পরিষদ অধিশাখা |
| (৪) | **পৌরসভা ও সিটি কর্পোরেশন :**<br>বর্তমানে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ পৌরসভা শুধু দর্শন করতে পারেন কিন্তু পরিদর্শনের এখতিয়ার নেই। পৌরসভার উন্নয়ন কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করার জন্য বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ পৌরসভা পরিদর্শনের ক্ষমতা দেয়া আবশ্যক। | (ক) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের পৌরসভা পরিদর্শনের ক্ষমতা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। | পরিকল্পনা, পরিবীক্ষণ, মূল্যায়ন ও পরিদর্শন অনুবিভাগ |
| | সভায় দেশের পৌরসভা ও সিটি কর্পোরেশনসমূহে জনবলের বেতনভাতা ও অন্যান্য বকেয়া পরিশোধ, নাগরিকদের যথাযথ সেবা প্রদান, উন্নয়ন প্রকল্পের ভূমি অধিগ্রহণ কার্যক্রম ত্বরান্বিতকরণ এবং পৌরসভাসমূহকে ভূমি হস্তান্তর কর প্রদান করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। এছাড়া, পৌরসভা আইনে অস্বচ্ছতা/অস্পষ্টতার সুযোগে নিয়ে কোন কোন পৌরসভায় নির্বাচিত জনপ্রতিনিধিগণ মেয়াদ শেষ হওয়ার পরও বছরের পর বছর ক্ষমতায় থাকছেন। অনেক সিটি কর্পোরেশন ও পৌরসভায় হোল্ডিং ট্যাক্সের এ্যাসেসমেন্ট সঠিকভাবে হচ্ছে না এবং বিধি বহির্ভূতভাবে অতিরিক্ত মাত্রায় হোল্ডিং ট্যাক্স আরোপ করা হচ্ছে বিধায় জনগণের ভোগান্তি হচ্ছে। | (খ) পৌরসভাসমূহের অনুকূলে ভূমি হস্তান্তর কর বাবদ প্রাপ্য অংশ প্রদানের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(গ) সিটি কর্পোরেশনসমূহের হোল্ডিং ট্যাক্সের আপিল মামলা বিভাগীয় কমিশনারগণ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করবেন। হোল্ডিং ট্যাক্সের এসেসমেন্ট সঠিকভাবে হয়েছে কি না তা তদন্তের জন্য এ বিভাগ হতে কমিটি গঠন করতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল)<br>নগর উন্নয়ন অনুবিভাগ |
| (৫) | **বিবিধ :**<br>ক) স্থানীয় সরকার বিভাগের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণ কার্যাদি বিশেষ করে ভূমি অধিগ্রহনের আপিল ও অনুমতি প্রদান দ্রুত সম্পাদনে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণের ভূমিকা এবং সহযোগিতা প্রদানের উপর বিশেষ আলোকপাত করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণ বিভিন্ন উন্নয়ন প্রকল্পের আওতায় নির্ধারিত সময়ের মধ্যে ভূমি অধিগ্রহণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। | বিভাগীয় কমিশনার (সকল) |



সিনিয়র সচিবের দপ্তর
তারিখ
সময়
অনুস্বাক্ষর
স্থানীয় সরকার বিভাগ

| | | | |
|---|---|---|---|
| | খ) স্থানীয় সরকার বিভাগের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন কার্যক্রমে প্রশাসনিক স্বচ্ছতা, জবাবদিহি ও সরকারি তহবিলের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকল্পে বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন উন্নয়ন কাজ সরেজমিনে পরিদর্শনের উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়। | ডিএলজি ও ডিডিএলজিগণ যাতে চলমান/বাস্তবায়িত প্রকল্প ও প্রতিষ্ঠান পরিদর্শন করে নির্ধারিত সময়ে প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করেন সে বিষয়ে ডিএলজি ও ডিডিএলজিগণকে বিভাগীয় কমিশনারগণ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। বিশেষ করে উন্নয়ন প্রকল্প পরিদর্শনের সময় নির্মাণ সামগ্রীর গুণগত মান পর্যবেক্ষণে বিশেষ নজর দিতে হবে। | পরিকল্পনা, পরিবীক্ষণ, মূল্যায়ন ও পরিদর্শন অনুবিভাগ |

৩। আলোচনা শেষে সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/১১/২০২১

হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ